NEW YORK CITY CAMPAIGN FINANCE BOARD

# ভোটার নির্দেশিকা

# কাউন্সিল ডিস্ট্রিক্ট 31

19 ফেব্রুয়ারি তারিখে কাউন্সিল ডিস্ট্রিক্ট 31 (কুইন্স)-এ কাউন্সিলের যে আসনটি জেমস স্যান্ডারস জুনিয়র-এর কারণে শূন্য হয়েছে তা পূরণ করতে একটি নির্দলীয় বিশেষ নির্বাচন অনুষ্ঠিত হবে। এই বিশেষ নির্বাচনের বিজয়ী প্রার্থী 2013 সালের শেষ পর্যন্ত এই ডিস্ট্রিক্ট-এর প্রতিনিধিত্ব করবেন। এই নির্দেশিকায় ভোট প্রদান সম্পর্কিত সাধারণ তথ্যাবলী, ব্যালটে নাম থাকবে এমন সকল প্রার্থীর তালিকা এবং প্রার্থীদের জমা দেয়া জীবন বৃত্তান্ত তুলে ধরা হয়েছে।

## বিওই'র সঙ্গে যোগাযোগ করুন

ভোটদান সংক্রান্ত যাবতীয় চাহিদা এবং প্রশ্নের ক্ষেত্রে এনওয়াইসি বোর্ড অব ইলেকশন (বিওই)-এর সঙ্গে যোগাযোগ করুন টেলিফোনে এই নম্বরে 866-VOTE-NYC (866-868-3692; *212-487-5496 নম্বরটি দুর্বল শ্রবণশক্তিসম্পন্ন ব্যক্তিদের জন্য*), অনলাইনে এই ঠিকানায় **http://vote.nyc.ny.us/html/voters/bengali.shtml**, অথবা ব্যক্তিগতভাবে আপনার স্থানীয় বিওই অফিসে:

**জেনারেল অফিস**
32 Broadway, 7th Floor
New York, NY 10004
(212) 487-5300

**কুইন্স**
126-06 Queens Boulevard
Kew Gardens, NY 11415
(718) 730-6730

আপনার নির্বাচনী কেন্দ্রে যদি আপনি এই নির্বাচনে প্রথম বারের মত ভোট দিয়ে থাকেন, তাহলে ভোট দেয়ার জন্য আপনাকে আপনার পরিচয়পত্র দেখাতে হতে পারে। **যদি আপনি পরিচয়পত্র দেখাতে না পারেন বা না দেখাতে চান, সেক্ষেত্রে আপনি অ্যাফিডেভিট ব্যালটের মাধ্যমে ভোট দিতে পারেন।**

## ভোটার হিসেবে আপনার অধিকারসমূহ

19 ফেব্রুয়ারির নির্বাচনে ভোট দেয়ার অধিকার আপনার থাকবে যদি:

- নিউ ইয়র্ক সিটিতে ভোট দেয়ার জন্য আপনি ফেব্রুয়ারি 9, 2013 তারিখের মধ্যে নিবন্ধন করে থাকেন।
- আপনি 19 ফেব্রুয়ারি 9:00 p.m. -র মধ্যে আপনার **নির্বাচনী এলাকায়** অবস্থান করেন।

যে কোন নির্বাচনে আপনার অধিকার রয়েছে:

- ভোটদানে সাহায্যের দরকার হলে প্রশিক্ষিত নির্বাচন কর্মীসহ আপনার পছন্দের যে কোন ব্যক্তির (আপনার নিয়োগকর্তা বা ইউনিয়ন প্রতিনিধি ছাড়া) সাহায্য পাওয়ার। যদি আপনার একজন দোভাষী প্রয়োজন হয়, সেক্ষেত্রে নির্ধারিত কতগুলো কেন্দ্রে ভোটারদের সাহায্য করতে বিওই'র দোভাষীরা রয়েছেন। কোন্ কোন্ ভোট কেন্দ্রে দোভাষীরা আছেন এবং কোন্ কোন্ ভাষার জন্য, সেসব সহ বিস্তারিত তথ্য জানতে 866-VOTE-NYC নম্বরে ফোন করুন।
- কিভাবে ভোট দিতে হবে নির্বাচন কর্মীদের তা জিজ্ঞেস করার।
- এই ভোটার নির্দেশিকাটি সহ উপকরণগুলো সঙ্গে আনার। (ভোট দেয়া শেষ হলে অনুগ্রহ করে এসব উপকরণ সঙ্গে করে নিয়ে যাবেন।)
- স্ক্যানার ভাঙা থাকলেও ভোট দেয়ার।
- "**অ্যাফিডেভিট ব্যালট**" -এর মাধ্যমে ভোট দেয়ার, যদি আপনার ভোট কেন্দ্রে ভোটার তালিকায় আপনার নাম না থাকে।

কোথায় ভোট দিতে হবে সে সম্পর্কে নিশ্চিত নন? তাহলে বিওই'র **poll site locator** ব্যবহার করুন, অথবা 866-VOTE-NYC নম্বরে ফোন করুন।

# স্বাগতম আপনার এনওয়াইসি ভোটার নির্দেশিকায়

## সচরাচর জিজ্ঞাসিত প্রশ্নসমূহ

### 19 ফেব্রুয়ারির বিশেষ নির্বাচনে আমি কি ভোট দিতে পারবো?

যদি আপনি সিটি কাউন্সিল 31-এর একজন বাসিন্দা হন এবং নিউ ইয়র্ক সিটিতে ভোট দেয়ার জন্য নিবন্ধিত হন, তাহলে 19 ফেব্রুয়ারির নির্বাচনে আপনি ভোট দিতে পারবেন (এবং দেয়া উচিত)। আপনি ভোট দেয়ার জন্য নিবন্ধিত কি না তা জানতে 866-VOTE-NYC নম্বরে ফোন করুন।

### ভোট দেয়ার জন্য নিবন্ধন আমি কিভাবে করবো?

একটি ভোটার নিবন্ধন ফর্ম পূরণ করে তা সরাসরি অথবা ডাকযোগে বিওই বরাবর জমা দিন। আপনি **নিবন্ধন ফর্ম ডাউনলোড করতে পারেন;** আপনার স্থানীয় বিওই অফিস থেকে সরাসরি ফর্ম সংগ্রহ করতে পারেন, অথবা 866-VOTE-NYC নম্বরে ফোন করে ফর্মের জন্য অনুরোধ জানাতে পারেন। **এই বিশেষ নির্বাচনে ভোট দেয়ার যোগ্য হতে হলে আপনার নিবন্ধন ফর্মটি অবশ্যই ফেব্রুয়ারি 9, 2013 তারিখের মধ্যে সরাসরি জমা দিতে হবে অথবা ডাকযোগে পাঠালে ঐ তারিখের মধ্যে ডাকবিভাগের সীলযুক্ত হতে হবে।**

### আমার নিবন্ধনের মেয়াদ কি উত্তীর্ণ হয়ে গিয়ে থাকতে পারে?

আপনার নিবন্ধনের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কোন তারিখ নেই, তবে এটি বাতিল হয়ে গিয়ে থাকতে পারে যদি আপনি এলাকা পরিবর্তন করে থাকেন এবং বিওই-তে আপনার ঠিকানা হালনাগাদ করে না থাকেন, অথবা যদি আপনি বিগত দুটি জাতীয় নির্বাচনে ভোট না দিয়ে থাকেন। নিবন্ধন পরিস্থিতি যাচাই করতে 866-VOTE-NYC নম্বরে ফোন করুন।

### শেষবার ভোট দেয়ার পর আমি ঠিকানা বদলে নিউ ইয়র্ক সিটির মধ্যেই অবস্থান করলে কি ঘটবে?

এলাকা পরিবর্তন করলে আপনাকে অবশ্যই 25 দিনের মধ্যে বিওই'কে আপনার পরিবর্তিত ঠিকানা জানাতে হবে। 9 ফেব্রুয়ারির মধ্যে এই কাজটি করতে না পারলেও আপনি আপনার নতুন নির্বাচনী এলাকায় গিয়ে **অ্যাফিডেভিট ব্যালটের** মাধ্যমে ভোট দিতে পারবেন।

ভবিষ্যতের নির্বাচনগুলোর ক্ষেত্রে আপনার ঠিকানা পরিবর্তন করতে হলে **একটি নিবন্ধন ফর্ম ডাউনলোড করুন** এবং “Voting information that has changed” লিখিত অংশটিসহ তা সম্পূর্ণভাবে পূরণ করুন। সহায়তা পেতে অথবা ডাকযোগে নিবন্ধন ফর্ম পেতে 866-VOTE-NYC নম্বরে ফোন করুন।

### 19 ফেব্রুয়ারির বিশেষ নির্বাচনে আমি কি উদ্দেশ্যে ভোট দেব?

আপনি এমন একজন সিটি কাউন্সিল সদস্য নির্বাচন করবেন যিনি 2013 সালের শেষ অবধি দায়িত্ব পালন করবেন।

### ভোট দেয়ার জন্য সাইন-ইন করার পর তারা যদি তালিকায় আমার নাম খুঁজে না পায় তাহলে কি ঘটবে?

প্রথমে নিশ্চিত করুন যে আপনার স্থানীয় পরিষদ এবং নির্বাচনী ডিস্ট্রিক্টের জন্য নির্ধারিত টেবিলেই আপনি সাইন-ইন করছেন কি না। আপনার স্থানীয় পরিষদ এবং নির্বাচনী ডিস্ট্রিক্ট খুঁজে পেতে আপনি বিওই'র **online poll site locator.** ব্যবহার করতে পারেন। কোন নির্বাচন কর্মীর কাছেও সাহায্য চাইতে পারেন।

আপনি যে সঠিক জায়গাতে সাইন-ইন করছেন তা নিশ্চিত হওয়ার পর যদি আপনার নাম তালিকায় না থাকে, তাহলে এর কারণ হতে পারে এই যে বিওই আপনার নিবন্ধন ফর্মটি সঠিক সময়ে হাতে পায়নি। যদি আপনার মনে হয় যে আপনি একজন যোগ্য ভোটার, **তাহলেও আপনার ভোট দেয়ার সুযোগ রয়েছে।** কোন নির্বাচন কর্মীর কাছ থেকে **একটি অ্যাফিডেভিট ব্যালট** চেয়ে নিন, এবং সেখানে দেয়া নির্দেশনা অনুসরণ করুন। নির্বাচনের পর বিওই তাদের রেকর্ডসমূহ যাচাই করবে এবং আপনি যোগ্য ভোটার সাব্যস্ত হলে আপনার ভোটটি গণনা করা হবে।

### যদি আমি 19 ফেব্রুয়ারি তারিখে আমার ভোট কেন্দ্রে যেতে না পারি তাহলে কি ঘটবে?

আপনার ভোটকেন্দ্রে উপস্থিত হতে না পারলে আপনি অ্যাবসেন্টী ব্যালটের মাধ্যমে ভোট দিতে পারেন। অ্যাবসেন্টী ব্যালটের মাধ্যমে ভোট দেয়ার দুটি উপায় রয়েছে: ডাকযোগে বা সশরীরে।

**ডাকযোগে** অ্যাবসেন্টী ব্যালট পেতে হলে বিওই বরাবর ফোন করে অ্যাবসেন্টী ব্যালটের আবেদন চেয়ে নিন। **অ্যাবসেন্টী ব্যালটের আবেদন আপনি ডাউনলোডও করতে পারেন।** এই আবেদনটি পূরণ করে আপনার বিওই বরো অফিসে ডাকযোগে পাঠিয়ে দিন। আবেদনে থাকা **ডাক বিভাগের তারিখ** অবশ্যই ফেব্রুয়ারি 12, 2013-এর মধ্যে হতে হবে। বিওই আপনার কাছে একটি অ্যাবসেন্টী ব্যালট পাঠাবে। এটি পূরণ করে আপনার বিওই বরো অফিসে ডাকযোগে পাঠিয়ে দিন (ডাক বিভাগের সীলের তারিখ 18ই ফেব্রুয়ারির মধ্যে হতে হবে।)

**সশরীরে অ্যাবসেন্টী ভোটদান** সম্পন্ন করা হয় আপনার বিওই বরো অফিসে। সশরীরে অ্যাবসেন্টী ব্যালট সংগ্রহের শেষ তারিখ 18 ফেব্রুয়ারি, ঐ ব্যালট পূরণ করে সশরীরে জমা দেয়ার শেষ তারিখ 19 ফেব্রুয়ারি। বিস্তারিত তথ্যের জন্য 866-VOTE-NYC নম্বরে ফোন করুন।

**অনুগ্রহপূর্বক লক্ষ্য করুন:** যদি ডাকযোগে অ্যাবসেন্টী ব্যালট সংগ্রহের শেষ সময় অতিক্রান্ত হয়ে থাকে এবং দুর্ঘটনা অথবা হঠাৎ অসুস্থ হওয়ার কারণে যদি আপনি নির্বাচনের দিন আপনার ভোট কেন্দ্রে উপস্থিত হতে না পারেন, সেক্ষেত্রে আপনার পক্ষে একটি অ্যাবসেন্টী ব্যালট সংগ্রহের জন্য অনুমোদনপত্র সহ আপনার একজন প্রতিনিধিকে আপনার বিওই বরো অফিসে পাঠাতে পারেন। পূরণকৃত আবেদন এবং আপনার পূরণকৃত ব্যালটটি অবশ্যই আপনাকে সশরীরে আপনার বিওই বরো অফিসে জমা দিতে হবে নির্বাচনের দিন অর্থাৎ 19 ফেব্রুয়ারি 9:00 p.m.-র মধ্যে।

এই নির্দেশিকায় দেয়া সকল জীবন বৃত্তান্ত এবং ছবি প্রার্থীরা সিএফবি বরাবর দাখিল করেছেন । সকল প্রার্থী এই মর্মে শপথ করেছেন যে তাঁদের জীবন বৃত্তান্তে দেয়া যাবতীয় তথ্য তাঁদের জ্ঞান মতে সঠিক। সিএফবি বরাবর প্রার্থীদের সরবরাহ করা তথ্যই এখানে পুনর্মুদ্রিত হল। সুস্পষ্ট কোন মুদ্রণ ত্রুটি না হলে সিএফবি প্রার্থীদের কোন তথ্যই সম্পাদনা করে না। প্রার্থীদের বিবৃতিতে উল্লেখ থাকা মতামত নিউ ইয়র্ক সিটি ক্যাম্পেইন ফিন্যান্স বোর্ডের মতামতের প্রতিনিধিত্ব করে না।

**অনুগ্রহপূর্বক জেনে রাখুন: এই নির্দেশিকায় প্রার্থীদের নাম বর্ণানুক্রমিকভাবে উপস্থাপন করা হয়েছে। ব্যালটে তাদের নামসমূহ ভিন্ন ক্রমবিন্যাসে থাকতে পারে। এই নির্দেশিকা প্রেসে যাওয়ার সময় তালিকাভুক্ত প্রার্থীদের ব্যালট পরিস্থিতি চূড়ান্ত করা হয়নি; কিছু প্রার্থী চূড়ান্ত ব্যালটে নাও থাকতে পারেন।**

সিটি কাউন্সিল হচ্ছে নিউ ইয়র্ক সিটি কর্তৃপক্ষের আইনসভা, অর্থাৎ আইন প্রণয়নকারী শাখা। সিটি কাউন্সিল স্থানীয় আইন পাস করা, ভূমির ব্যবহার সম্পর্কিত সিদ্ধান্ত প্রদান, সিটির পরিষেবা সংস্থাগুলোর কর্মকাণ্ড তদন্ত ও তদারকি করা, এবং সিটির বাজেট অনুমোদনের জন্য দায়িত্বপ্রাপ্ত। প্রত্যেক কাউন্সিল সদস্য নিউ ইয়র্ক সিটি কাউন্সিল-এর 51 টি ডিস্ট্রিক্টের কোন একটির প্রতিনিধিত্ব করেন। কাউন্সিল সদস্যগণ বার্ষিক মূল বেতন হিসেবে $112,500 পেয়ে থাকেন। কাউন্সিল নেতৃবৃন্দ এবং কমিটিসমূহের সভাপতিগণ অতিরিক্ত বেতন লাভ করেন। কাউন্সিল সদস্যগণ তাদের কাউন্সিল আসনের দায়িত্ব পালন ছাড়াও অন্যান্য কর্মে নিযুক্ত থাকতে পারেন।

**দলসমূহের সংক্ষিপ্তরূপ**


BS = বেটার সার্ভিস
CV = কমন্ ভ্যালু
CU = কমিউনিটি ইউনিটি
GC = গ্র্যান্ড কোয়ালিশন
NF = নেইবার ফার্স্ট
ON = অর্গানাইজ নাউ
PR = পীপল'স রিলিফ
RN = রিবিল্ড নাউ
TF = দ্য ফরওয়ার্ড

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 31

*প্রার্থী জীবন বৃত্তান্ত জমা দেননি।

Marie Myriam Adam-Ovide [BS]
Selvena N. Brooks [RN]
Michael R. Duncan [ON]
Earnest Flowers [NF]
Allan W. Jennings [PR]
Saywalah N. Kesselly [GC]
Jacques M. Leandre [TF]
Pesach Osina [CV]*
Donovan John Richards, Jr. [CU]

## Marie Myriam Adam-Ovide
বেটার সার্ভিস



যে পার্টিতে অন্তর্ভুক্ত: ডেমোক্র্যাটিক

বর্তমান পেশা: এনওয়াইসি কমিউনিটি বোর্ড #৪, কুইন্স-এর ডিস্ট্রিক্ট ম্যানেজার।

পূর্ববর্তী পেশা(সমূহ): সাবেক এনওয়াইসি কাউন্সিলম্যান ডেভিড আই. ওয়েপ্রিন-এর নির্বাচনী এলাকার গণ-পরিষেবা বিষয়ক পরিচালক; সাবেক এনওয়াইসি কাউন্সিলম্যান শেলডন লেফলার-এর সহকারী।

শিক্ষাগত যোগ্যতা: সিটি কলেজ অব নিউ ইয়র্ক – সিইউএনওয়াই থেকে রাষ্ট্রবিজ্ঞানে ব্যাচেলর অব আর্টস

সাংগঠনিক সম্বন্ধ: ঈগল অ্যাকাডেমি'র সাবেক পিটিএ প্রেসিডেন্ট; এনএএসিপি'র সদস্য

জনসংশ্লিষ্ট কাজের পূর্ববর্তী অভিজ্ঞতা: নেই

আমার প্রচারাভিযানের সঙ্গে যোগাযোগ করুন: vote4marie@hotmail.com
ওয়েব ঠিকানা: www.vote4marie.com
ফেসবুক ঠিকানা: www.facebook.com/#!/pages/Marie-Adam-Ovide/562255867134819

1. নির্বাচিত হলে কাউন্সিল ডিস্ট্রিক্ট 31-এর সবচেয়ে গুরুত্বপূর্ণ কোন্ সমস্যাটির সমাধানে আপনি উদ্যোগ গ্রহণ করবেন?

সবচেয়ে গুরুত্বপূর্ণ ইস্যু হচ্ছে শিক্ষা। আমি আরো ছোট আকারের ক্লাসের জন্য লড়াই চালিয়ে যাব। স্কুল ছুটির পরে শিক্ষা থেমে থাকে না; তাই স্কুল ছুটি পরবর্তী মানসম্পন্ন কর্মসূচির জন্য লড়াই আমি করে যাব। হাই স্কুল স্তরের শিক্ষার্থীদের জন্য আমি ইন্টার্নশিপ কর্মসূচি বিকাশে সহায়তা করবো। আমি এমন গ্রীষ্মকালীন কর্মসূচির জন্য লড়াই করবো যা আমাদের ছেলেমেয়েদের ব্যস্ত রাখবে এবং নেতিবাচক প্রভাব থেকে দূরে রাখবে।

2. নির্বাচিত হলে গুরুত্বপূর্ণ আর কোন্ কোন্ সমস্যার সমাধানে আপনি উদ্যোগ গ্রহণ করবেন?

হারিকেন স্যান্ডির পর এখনো অনেক বাসিন্দা তাঁদের গৃহে ফিরতে পারেননি। তাঁদের পুনর্বাসন ত্বরান্বিত করতে আমি কাজ করব। অনেক বাসিন্দার অভিযোগ রয়েছে যে সিটি কাউন্সিল অফিস ঠিকমত সাড়া দেয় না। একজন কাউন্সিলউওম্যান হিসেবে আমি নিশ্চিত করবো যেন বাসিন্দাদের অভিযোগ সৌজন্যবোধ সহকারে আমলে নেয়া হয়। আমি ডিপার্টমেন্ট অব সিটি প্ল্যানিং-এর সঙ্গে কাজ করার মাধ্যমে এটা নিশ্চিত করবো যেন নতুন হোটেল/মোটেল আবাসিক এলাকার খুব কাছাকাছি নির্মাণ করা না হয়। আমাদের আবাসিক এলাকার সঙ্গে লাগোয়া যে বাণিজ্যিক এলাকাগুলো রয়েছে, সেগুলোর পরিচ্ছন্নতা বৃদ্ধি করতে আমি কাজ করবো।

3. এই দায়িত্বের জন্য কোন দিক বিবেচনায় আপনি সর্বোত্তম প্রার্থী?

নিউ ইয়র্ক সিটি কর্তৃপক্ষের মধ্যে দুজন কাউন্সিল সদস্যের সঙ্গে কাজ করার ফলে এবং কুইন্স-এ কমিউনিটি বোর্ড ৪ পরিচালনার ফলে আমার রয়েছে সবচেয়ে ব্যাপক জ্ঞান ও অভিজ্ঞতা। নিউ ইয়র্ক সিটি এজেন্সিগুলোর সঙ্গে কাজ করার অনন্য অভিজ্ঞতা আমার রয়েছে। আমি সিটির জোনভুক্তির বিধিমালা এবং ULURP প্রক্রিয়া বুঝি। আমি উদ্ভাবনমনস্ক – কমিউনিটি বোর্ড ৪-এ আমার পরিষেবাধীন বাসিন্দাদের জন্য বয়স্কদের আইন ক্লিনিক এবং বার্ষিক স্বাস্থ্য মেলা আয়োজনকারী প্রথম ডিস্ট্রিক্ট ম্যানেজার। এগুলো সবই হচ্ছে নিউ ইয়র্ক সিটি কাউন্সিলে একজন প্রতিনিধির উপযুক্ত যোগ্যতা। আমার কর্মকালীন সময়ে এ পর্যন্ত আমার পরিষেবাধীন বাসিন্দাদের কাছ থেকে কোন অভিযোগপত্র পাইনি।

*ক্যাম্পেইন ফিন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণকারী প্রার্থীর সরবরাহ করা তথ্য হুবহু পুনর্মুদ্রিত।*

## Selvena N. Brooks
রিবিল্ড নাউ



যে পার্টিতে অন্তর্ভুক্ত: ডেমোক্র্যাটিক

বর্তমান পেশা: সিনিয়র যোগাযোগ বিশেষজ্ঞ, এসইআইইউ ইন্টারন্যাশনাল

পূর্ববর্তী পেশা(সমূহ): সিনিয়র বৈদেশিক বিষয়াদি সংক্রান্ত সহযোগী এবং পেশেন্ট অ্যাডভোকেট, পেনিনসুলা হসপিটাল; ডেপুটি চীফ অব স্টাফ, এনওয়াইএস সিনেট; প্রেস সেক্রেটারি, এনওয়াইএস সিনেট; ডেপুটি ডিস্ট্রিক্ট ডিরেক্টর, এনওয়াইএস সিনেটর ম্যালকম এ. স্মিথ

শিক্ষাগত যোগ্যতা: আন্তর্জাতিক আইন/বিবাদ নিষ্পত্তি, এমএস – নিউ ইয়র্ক ইউনিভার্সিটি, সমাজবিজ্ঞান, বিএ – উইলবারফোর্স ইউনিভার্সিটি

সাংগঠনিক সম্বন্ধ: লুপাস কানেকশন, বোর্ড সদস্য; ডেল্টা সিগমা থিটা সরোরিটি, ইনকর্পোরেটেড, কুইন্স অ্যালামনাই চ্যাপ্টার, সদস্য; এনএএসিপি, জামাইকা শাখা, সদস্য; নিউ ইয়র্ক নীডস ইউ, মেন্টর কোচ; লিটারজিক্যাল ড্যান্স মিনিস্ট্রি, অ্যালেন এএমই, সদস্য

জনসংশ্লিষ্ট কাজের পূর্ববর্তী অভিজ্ঞতা: নেই

আমার প্রচারাভিযানের সঙ্গে যোগাযোগ করুন: Friendsofselvenabrooks@gmail.com
ওয়েব ঠিকানা: www.Brooks2013.com
ফেসবুক ঠিকানা: www.Facebook.com/Selvena.Brooks
টুইটার ঠিকানা: @SelvenaBrooks31

1. নির্বাচিত হলে কাউন্সিল ডিস্ট্রিক্ট 31-এর সবচেয়ে গুরুত্বপূর্ণ কোন্ সমস্যাটির সমাধানে আপনি উদ্যোগ গ্রহণ করবেন?

31তম কাউন্সিল ডিস্ট্রিক্টের সম্পূর্ণ উন্নয়নের জন্য আমাদেরকে অবশ্যই এটা নিশ্চিত করতে হবে যে প্রতিটি কমিউনিটি যেন অত্যাবশ্যক সম্পদগুলো লাভ করে। সমগ্র ডিস্ট্রিক্টের কমিউনিটিগুলো স্যান্ডির আঘাতে বিপর্যস্ত রয়েছে, এবং আমাদের বাড়িঘর, ব্যবসা প্রতিষ্ঠান ও কমিউনিটি এখনই আমাদেরকে গড়ে তুলতে হবে। পুনর্গঠনের জন্য সিটি, স্টেট এবং রাষ্ট্রের কাছ আমাদের প্রাপ্য ন্যায্য তহবিল আদায়ের লড়াইয়ে আমি নেতৃত্ব দেব এবং সাউথইস্ট কুইন্স কমিউনিটি পরিচালনায় সিদ্ধান্তগ্রহণ প্রক্রিয়ায় আমাদের যেন একটা ভূমিকা থাকে তা নিশ্চিত করবো।

2. নির্বাচিত হলে গুরুত্বপূর্ণ আর কোন্ কোন্ সমস্যার সমাধানে আপনি উদ্যোগ গ্রহণ করবেন?

আমাদের স্কুলগুলোর উন্নয়ন, কর্ম সৃষ্টি, সমগ্র ডিস্ট্রিক্টে স্বাস্থ্যসেবার মানোন্নয়ন এবং জননিরাপত্তা বৃদ্ধি। পিতামাতাদের কাছে তাদের সন্তানের জন্য স্কুল ও কর্মসূচিগুলোর আরো ভালো বিকল্প আমাদের উপস্থাপন করা দরকার। কর অবকাশ ভোগ করা কোম্পানিগুলোর অবশ্যই আমাদের কমিউনিটিতে বাস্তব ভিত্তিতে কর্ম সৃষ্টি করতে হবে। সাউথইস্ট কুইন্স এবং রকঅ্যাওয়েজ-এ হাসপাতালগুলো বন্ধ হয়ে যাওয়ায় আমাদের কমিউনিটিতে মানসম্পন্ন স্বাস্থ্য পরিচর্যার অভাব রয়েছে, যা আমাদের প্রতিবেশীদের সুস্থতার জন্য বিপদ হয়ে দাঁড়িয়েছে।

3. এই দায়িত্বের জন্য কোন দিক বিবেচনায় আপনি সর্বোত্তম প্রার্থী?

আমার পেশাগত জীবনে তীব্র লড়াইয়ে অবতীর্ণ হওয়ার এবং জয়লাভ করার রেকর্ড রয়েছে। আমাদের স্কুল, অর্থনীতি এবং কমিউনিটিগুলো পুনর্গঠনে দরকারী জোরালো এবং অভিজ্ঞ নেতৃত্ব আমি প্রদান করবো। একজন বাড়ির মালিক হিসেবে এবং সাউথইস্ট কুইন্স-এর আজীবন বাসিন্দা হিসেবে আমি ক্ষুদ্র ব্যবসার প্রতি সমর্থন জানাবো এবং আমাদের তরুণদের জন্য জোরালো স্কুল-ছুটি পরবর্তী কর্মসূচির মত ইতিবাচক ক্ষেত্র তৈরিতে, এবং আমাদের প্রবীণ কেন্দ্র, পার্ক এবং লাইব্রেরিগুলো রক্ষায় নতুন তহবিলের প্রবাহ খোঁজ করব।

*ক্যাম্পেইন ফিন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণকারী প্রার্থীর সরবরাহ করা তথ্য হুবহু পুনর্মুদ্রিত।*

## Michael R. Duncan

### অর্গানাইজ নাউ



যে পার্টিতে অন্তর্ভুক্ত: ডেমোক্র্যাটিক

বর্তমান পেশা: ব্যবসায়িক স্বত্বাধিকারী: জামাইকা ব্রীজ

পূর্ববর্তী পেশা(সমূহ): চীফ অব স্টাফ: ডিস্ট্রিক্ট 31

শিক্ষাগত যোগ্যতা: বি.বি.এ: বারুক কলেজ, সিইউএনওয়াই

সাংগঠনিক সম্বন্ধ: রোজডেল সকার ক্লাব, WADU, UNIA

জনসংশ্লিষ্ট কাজের পূর্ববর্তী অভিজ্ঞতা: নেই

আমার প্রচারাভিযানের সঙ্গে যোগাযোগ করুন: MDUNCAN31NYC@HOTMAIL.COM
ওয়েব ঠিকানা: www.MICHAELRDUNCAN.COM

**1. নির্বাচিত হলে কাউন্সিল ডিস্ট্রিক্ট 31-এর সবচেয়ে গুরুত্বপূর্ণ কোন্ সমস্যাটির সমাধানে আপনি উদ্যোগ গ্রহণ করবেন?**

এটি অবশ্যই হচ্ছে রকঅ্যাওয়েজ পুনর্গঠন, ফার রকঅ্যাওয়ে, আর্ভার্ন, বেজ্ওয়াটার অথবা এজমিয়ার – যে এলাকাই হোক না কেন। রকঅ্যাওয়েজ-এ আমি যা দেখেছি তা ভাষায় বর্ণনা করতে পারবো না, এবং কমিউনিটি হিসেবে আমাদেরকে ঐসব এলাকা পুনর্গঠনে সাহায্য করতে হবে, যাতে সেখানে জীবনযাত্রা অসহনীয় এবং সংকটাপন্ন না হয়ে পড়ে। এটি আমার কাছে অগ্রহণযোগ্য মনে হয় যে 10 সপ্তাহ পরেও এখনও সেখানে গ্যাস বা বিদ্যুতবিহীন অবস্থায় বাসিন্দারা রয়েছেন। আমরা পরিস্থিতির উন্নয়ন ঘটাতে পারি। পরিস্থিতির উন্নয়ন আমাদেরকে ঘটাতেই হবে। রকঅ্যাওয়েজ পুনর্গঠনের মাধ্যমে সঠিক কাজটি করার সুযোগ আমাদের রয়েছে।

**2. নির্বাচিত হলে গুরুত্বপূর্ণ আর কোন্ কোন্ সমস্যার সমাধানে আপনি উদ্যোগ গ্রহণ করবেন?**

নিয়মিত শিক্ষার পরিপূরক বলে মনে করা স্কুল-পরবর্তী শিক্ষাদানের ঘাটতি রয়েছে আমাদের কমিউনিটিতে, যদিও অনেক স্কুল ভবন আছে। শিল্পকলা, সঙ্গীত এবং সাংস্কৃতিক অনুষ্ঠান একেবারে নেই বললেই চলে। এ ধরনের কর্মসূচি সৃষ্টিতে আমার ব্যয় তহবিলের অনেকটা বিনিয়োগ করার পরিকল্পনা সত্যিই আমি করছি, কেননা আমাদের সন্তানদের সামগ্রিক বিকাশের জন্য এগুলো প্রয়োজন।

**3. এই দায়িত্বের জন্য কোন্ দিক বিবেচনায় আপনি সর্বোত্তম প্রার্থী?**

নিজেকে আমি একজন রাজনীতিবিদ হিসেবে নয়, বরং কমিউনিটিতে সম্পৃক্ত জনগণের একজন সেবক হিসেবে দেখি – সাউথইস্ট কুইন্স-এর যুবসমাজের সেবায় 18 বছরেরও বেশি সময় ব্যয় করেছি, তিনটি ভিন্ন ভিন্ন স্কুলে আমি পিটিএ প্রেসিডেন্ট ছিলাম, দুটি স্কুল থেকে আমি "হট শীট" মোটেলের বিরুদ্ধে লড়াই সংগঠন করেছি, আবাসিক স্প্রিংফিল্ড গার্ডেনস এলাকায় রাষ্ট্রীয় গুপ্ত কারাগার সম্প্রসারণ প্রতিরোধ করেছি, ব্যবসা প্রতিষ্ঠানের মালিক হিসেবে কমিউনিটিতে কর্ম সৃষ্টি করেছি, সৌভাগ্যহীনদের জন্য অভিবাসন পরিষেবা দিয়েছি, 31তম ডিস্ট্রিক্টের চীফ অব স্টাফ হিসেবে কাজ করেছি, এবং তৃণমূল পর্যায়ের কমিউনিটি কর্মী হিসেবে কাজ অব্যাহত রেখেছি – এর সবকিছুই আমাকে এই যাত্রাপথে এগিয়ে নিয়েছে।আত্মনির্ভরতার নীতির প্রতি আমি সর্বাত্মক সমর্থন ব্যক্ত করি এবং আমি কমিউনিটিকে কিছুটা প্রতিদান দিতে চাই। আর এ কারণেই কমিউনিটিকে আরো উন্নত করে তোলার এই দায়িত্ব আমি নিয়েছি। আমাদের কমিউনিটির লোকজনের দৃষ্টিতে আমি ধরা পড়ে আছি। আর তাই হারিকেন স্যান্ডির আঘাতে বিপর্যস্ত মানুষের মুখে হাসি ফোটাতে রকঅ্যাওয়েজ-এ আয়োজিত ক্রিসমাসের অনুষ্ঠানে এত বিপুল সংখ্যক লোক আমাকে সাহায্য করেছেন।

*ক্যাম্পেইন ফিন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণকারী প্রার্থীর সরবরাহ করা তথ্য হুবহু পুনর্মুদ্রিত।*

## Earnest Flowers

### নেইবার ফার্স্ট



যে পার্টিতে অন্তর্ভুক্ত: ডেমোক্র্যাটিক

বর্তমান পেশা: প্রেসিডেন্ট ক্রাউন মিডিয়া অ্যান্ড কমিউনিকেশনস, লিয়াজোঁ ফর অ্যাসেম্বলিম্যান উইলিয়াম স্কারবারা

পূর্ববর্তী পেশা(সমূহ): ফিন্যানশিয়াল কনসাল্ট্যান্ট

শিক্ষাগত যোগ্যতা: বি.এস. অর্থনীতি (ওকউড ইউনিভার্সিটি 1994) এমবিএ ফিন্যান্স (সেন্ট জন'স 2014)

সাংগঠনিক সম্বন্ধ: সহ-প্রতিষ্ঠাতা (কমিশনার) নর্থইস্টার্ন কনফারেন্স জুনিয়র বাস্কেটবল লীগ, প্রেসিডেন্ট এ. স্যামুয়েল র‍্যাশফোর্ড চ্যাপ্টার ওকউড ইউনিভার্সিটি অ্যালামনাই, ভিপি অব ডিভেলপমেন্ট ওকউড ইউনিভার্সিটি অ্যালামনাই, মিডিয়া চেয়ারপারসন অব ন্যাশনাল ব্ল্যাক লীডারশিপ কমিশন অন এইডস, মাস্টার গাইড নর্থইস্টার্ন কনফারেন্স পাথফাইন্ডারস

জনসংশ্লিষ্ট কাজের পূর্ববর্তী অভিজ্ঞতা: স্থানীয় ডেমোক্র্যাটিক ক্লাবের চেয়ারম্যান (5 বছর)

আমার প্রচারাভিযানের সঙ্গে যোগাযোগ করুন: earnest@vote4flowers.com
ওয়েব ঠিকানা: www.vote4flowers.com
ফেসবুক ঠিকানা: http://www.facebook.com/pages/Vote-Earnest-Flowers-Flowers-For-NYC/232989083479339
টুইটার ঠিকানা: @earnestflowers3

**1. নির্বাচিত হলে কাউন্সিল ডিস্ট্রিক্ট 31-এর সবচেয়ে গুরুত্বপূর্ণ কোন্ সমস্যাটির সমাধানে আপনি উদ্যোগ গ্রহণ করবেন?**

দায়বদ্ধতা হচ্ছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়। যদি নির্বাচিত কর্মকর্তারা দায়বদ্ধতার মান একটি অভূতপূর্ব স্তরে উন্নীত না করেন তাহলে কোনকিছুরই পরিবর্তন বা উন্নয়ন ঘটবে না। প্রতিটি বিষয় অবশ্যই লিখিতভাবে জনগণের কাছে তুলে ধরতে হবে। অবশ্যই কতগুলো লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে এবং জনগণের সঙ্গে যোগাযোগ অবশ্যই হতে হবে তাৎক্ষণিক, ঘনিষ্ঠ এবং পারস্পরিক।

**2. নির্বাচিত হলে গুরুত্বপূর্ণ আর কোন্ কোন্ সমস্যার সমাধানে আপনি উদ্যোগ গ্রহণ করবেন?**

চাকুরি, স্বাস্থ্যসেবা, পরিবেশ, শিক্ষা, ফৌজদারী বিচার, প্রবীণ সমাজ, যুব উন্নয়ন, অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন এবং আরো অনেক কিছু।

**3. এই দায়িত্বের জন্য কোন্ দিক বিবেচনায় আপনি সর্বোত্তম প্রার্থী?**

আমিই একমাত্র প্রার্থী যার একটি লিখিত পরিকল্পনা রয়েছে এবং যে ডিস্ট্রিক্টের পরিমাণগত ও গুণগত বিশ্লেষণ সম্পন্ন করেছে। আমাদের কমিউনিটিগুলোর জন্য আমার একটি অর্থনৈতিক উন্নয়ন পরিকল্পনা রয়েছে। আমিই একমাত্র প্রার্থী যে কি না হারিকেন স্যান্ডি আঘাত হানার পর তিন সপ্তাহ পর্যন্ত প্রতিদিন মাঠ পর্যায়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। (www.vote4flowers.com সাইটের Events পৃষ্ঠাটি দ্রষ্টব্য)। আমিই একমাত্র প্রার্থী যে সিটিব্যাপী বিভিন্ন হোটেল থেকে সরিয়ে নেয়া লোকজনের পরিস্থিতি অনুসরণ করছে এবং সহায়তা প্রদান করছে। কমিউনিটিতে আমার কর্মকাণ্ড প্রায় 20 বছর ধরে চলছে। কমিউনিটির সমর্থন নিয়ে জনগণের একজন সেবক হিসেবে আমি আগামী বহু বছর যাবত সকলের জন্য সত্যিকারের পরিবর্তন এবং উন্নয়ন ঘটাবো।

*ক্যাম্পেইন ফিন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণকারী প্রার্থীর সরবরাহ করা তথ্য হুবহু পুনর্মুদ্রিত।*

## Allan W. Jennings

### পীপল'স রিলিফ



যে পার্টিতে অন্তর্ভুক্ত: ডেমোক্র্যাটিক

বর্তমান পেশা: রিয়্যাল্টর

পূর্ববর্তী পেশা(সমূহ): কাউন্সিল সদস্য, ব্যাংকার

শিক্ষাগত যোগ্যতা: জন জে কলেজ অব ক্রিমিনাল জাস্টিস, বিএ এবং গ্র্যাজুয়েট স্টাডিজ

সাংগঠনিক সম্পৃক্ততা: নেই

জনসংশ্লিষ্ট কাজের পূর্ববর্তী অভিজ্ঞতা: কাউন্সিল সদস্য (2001-2005) ডিস্ট্রিক্ট লীডার (1992 ও 2004)

আমার প্রচারাভিযানের সঙ্গে যোগাযোগ করুন: jenningsnyc@gmail.com

**1. নির্বাচিত হলে কাউন্সিল ডিস্ট্রিক্ট 31-এর সবচেয়ে গুরুত্বপূর্ণ কোন্ সমস্যাটির সমাধানে আপনি উদ্যোগ গ্রহণ করবেন?**

স্যান্ডি আঘাত হানার আগে থেকেই ফার রকঅ্যাওয়ে একটা মন্দাবস্থার মধ্য দিয়ে যাচ্ছিল। এই এলাকার প্রতিনিধিত্বকারী রাজনীতিবিদরা কী করছিলেন? ধিক তাঁদের!

অ্যালান জেনিংস একজন শক্তিশালী স্বতন্ত্র নেতা, যার রয়েছে প্রমাণিত ইতিহাস; যে আমাদের জন্য তীব্র লড়াই করবে। অন্যেরা যেখানে কথার ফুলঝুরি দেখাবে, সেখানে অ্যালান জেনিংস হয়ে উঠবে কর্মতৎপর!

**2. নির্বাচিত হলে গুরুত্বপূর্ণ আর কোন্ কোন্ সমস্যার সমাধানে আপনি উদ্যোগ গ্রহণ করবেন?**

আমাদের কমিউনিটিতে অর্থনৈতিক উন্নয়ন ঘটানো এবং কর্ম সৃষ্টি করা। ক্ষুদ্র ব্যবসাকে সহায়তা করা এবং কর হ্রাস, ঋণ আদায়ে সম্পত্তি নিলাম বন্ধ করা, এবং গৃহায়ন সহজলভ্য করা। শিক্ষা এবং চাকুরির প্রশিক্ষণের ব্যাপারে মনোনিবেশ করা; জীবনযাত্রা এবং পরিবেশের মানোন্নয়ন ঘটানো। স্কুল-ছুটি পরবর্তী কর্মসূচি সৃষ্টি এবং উন্নয়ন, এবং প্রবীণদের জন্য কর্মসূচিতে সমর্থন যোগানো।

**3. এই দায়িত্বের জন্য কোন্ দিক বিবেচনায় আপনি সর্বোত্তম প্রার্থী?**

এই অনিশ্চিত সময়গুলোতে আমাদের কমিউনিটিতে এমন একজন কাউন্সিল সদস্য দরকার যাঁর রয়েছে অভিজ্ঞতা। যিনি সিটি হল-এ তাঁর পথ পরিক্রমা জানেন, যিনি তাঁর দায়িত্বের প্রথম দিন থেকেই বিরাট দায়িত্ব ও নেতৃত্বের ভার বহন করতে পারবেন। এই ব্যক্তিটি হচ্ছেন অ্যালান জেনিংস। আমাদের স্কুল, স্কুল-পরবর্তী এবং অ্যাথলেটিকস কর্মসূচিগুলোতে তহবিল যোগানোর ইতিহাস অ্যালান জেনিংসের রয়েছে। ইয়র্ক কলেজে তিনি বার্ষিক চাকুরি মেলার আয়োজন করেছেন, যার ফলশ্রুতিতে আমাদের কমিউনিটির জন্য হাজার হাজার কাজের সুযোগ তৈরি হয়েছে। তিনি তাঁর প্রতিনিধিত্বকারী ডিস্ট্রিক্টের 3য়, 4র্থ, 5ম ও 6ষ্ঠ গ্রেডের প্রত্যেক শিক্ষার্থীর জন্য ল্যাপটপ কম্পিউটার সরবরাহ করতে পঁচাত্তর লক্ষ ডলার প্রদান করেছেন। অ্যালান জেনিংস প্রবীণ কেন্দ্রগুলোতে অর্থায়নের মাধ্যমে প্রবীণদের পরিচর্যা করেছেন। পরিশেষে, সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো, তিনি আমাদের সিটির জন্য উপকারী অনেক অনেক গুরুত্বপূর্ণ বিল সমর্থন করেছেন এবং সেগুলো আইন হিসেবে পাশ করতে অবদান রেখেছেন; যেমন স্বল্প আয়ের প্রবীণদের জন্য কর অব্যাহতি বিল, আগ্রাসী ঋণপ্রদান প্রতিরোধ এবং রবিবার পার্কিং মিটার স্থগিত করা। অ্যালান জেনিংস এমন একজন নিরলস কর্মী যাঁর ডিস্ট্রিক্ট অফিস সান্ধ্যকালীন খোলা থাকার জন্য এবং ফোন কলের তাৎক্ষণিক জবাব দেয়ার জন্য বিখ্যাত ছিল। 31তম কাউন্সিল ডিস্ট্রিক্ট-এর জন্য একটি মাত্র বিকল্প রয়েছে। আর তা হলো এমন একজন, যিনি আমাদের কমিউনিটির জন্য প্রাণপণে লড়াই করবেন। আর তিনি হলেন অ্যালান জেনিংস।

*ক্যাম্পেইন ফিন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণকারী প্রার্থীর সরবরাহ করা তথ্য হুবহু পুনর্মুদ্রিত।*

## Saywalah N. Kesselly

### গ্র্যান্ড কোয়ালিশন



যে পার্টিতে অন্তর্ভুক্ত: ডেমোক্র্যাটিক

বর্তমান পেশা: অ্যাডমিনিস্ট্রেটর

পূর্ববর্তী পেশা (সমূহ): কন্ট্রোলার – ক্লিয়ার ইলেক্ট্রিক্যাল কর্পোরেশন, বিজনেস অ্যাডমিনিস্ট্রেটর – ফুল গস্পেল ট্যাবারন্যাকল, প্রেসিডেন্ট – বোর্ড অব ডিরেক্টরস নরডেক কো-অপ

শিক্ষাগত যোগ্যতা: উইলিয়াম ভি. এস. টাবম্যান হাই স্কুল – হাই স্কুল ডিপ্লোমা; বারুক কলেজ – বিবিএ ইকোনোমিক্স

সাংগঠনিক সম্বন্ধ: নির্বাহী পরিচালক – আফ্রিকান সেন্টার ফর কমিউনিটি এমপাওয়ারমেন্ট; সেক্রেটারি – বোর্ড অব ডিরেক্টরস, জোসেফ পি. অ্যাডাবো ফ্যামিলি হেলথ সেন্টার; ভাইস প্রেসিডেন্ট – বোর্ড অব ডিরেক্টরস, ফার্মারস বুলভার্ড কমিউনিটি ডিভেলপমেন্ট কর্পোরেশন; সদস্য – অ্যাডভাইজরি বোর্ড, ইয়র্ক কলেজ ডিপার্টমেন্ট অব টিচার্স এডুকেশন

জনসংশ্লিষ্ট কাজের পূর্ববর্তী অভিজ্ঞতা: শিক্ষার্থী সরকার প্রেসিডেন্ট টাবম্যান হাই স্কুল এবং সদস্য – 1980 সালে সোভিয়েত ইউনিয়নে 22তম অলিম্পিকে লাইবেরীয় প্রতিনিধিদল; ইন্টারন্যাশনাল কমিশনার – বয়েজ স্কাউটস অব লাইবেরিয়া এবং সদস্য – 1984 সালে মিশিগানের ডিয়ারবর্নে অনুষ্ঠিত 29তম বিশ্ব স্কাউট সম্মেলনে লাইবেরীয় প্রতিনিধিদল

আমার প্রচারাভিযানের সঙ্গে যোগাযোগ করুন: saywalah@kesselly4council.com
ওয়েব ঠিকানা: www.kesselly4council.com

1. নির্বাচিত হলে কাউন্সিল ডিস্ট্রিক্ট 31-এর সবচেয়ে গুরুত্বপূর্ণ কোন্ সমস্যাটির সমাধানে আপনি উদ্যোগ গ্রহণ করবেন?

শিক্ষা, যুব অবক্ষয় এবং সহিংসতা প্রতিরোধ

2. নির্বাচিত হলে গুরুত্বপূর্ণ আর কোন্ কোন্ সমস্যার সমাধানে আপনি উদ্যোগ গ্রহণ করবেন?

অর্থনৈতিক ক্ষমতায়ন এবং উন্নয়ন

পাবলিক স্কুলগুলোকে সামগ্রিক শিক্ষা ও সংস্কৃতির কেন্দ্রে পরিণত করা

যুব উন্নয়ন

নাগরিক এবং মানবাধিকার লংঘন

ঋণ আদায়ে সম্পত্তি নিলাম এবং অভিবাসন

3. এই দায়িত্বের জন্য কোন্ দিক বিবেচনায় আপনি সর্বোত্তম প্রার্থী?

আমি রাজনীতিবিদও নই, রাজনৈতিক যন্ত্রের অংশও নই। আমি একজন বহিরাগত, একজন ব্যবসায়ী এবং সম্পূর্ণ নতুন একটি কন্ঠস্বর যে এই পদের দায়িত্ব পালনে নতুন নতুন ধারণা ও সমাধান প্রয়োগ করবে, যা কমিউনিটির উপকারে সুস্পষ্ট ফল প্রদান করবে। আমি ফলাফল-তাড়িত, সৎ এবং নীতিবান ব্যক্তি, আমাকে নির্বাচিত করা হলে তা মৌলিক পরিবর্তন সাধন করবে, যেটিতে কমিউনিটির বাসিন্দাগণ আস্থা ও বিশ্বাস স্থাপন করতে পারবেন।

*ক্যাম্পেইন ফিন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণকারী প্রার্থীর সরবরাহ করা তথ্য হুবহু পুনর্মুদ্রিত।*

## Jacques M. Leandre

### দ্য ফরওয়ার্ড



যে পার্টিতে অন্তর্ভুক্ত: ডেমোক্র্যাটিক

বর্তমান পেশা: সিভিল রাইটস অ্যাটর্নি

পূর্ববর্তী পেশা (সমূহ): নেই

শিক্ষাগত যোগ্যতা: সিইউএনওয়াই স্কুল অব ল', জে. ডি; মোরহাউস কলেজ, বি. এ. ফিন্যান্স; স্প্রিংফিল্ড গার্ডেনস হাই স্কুল, অনার্স সহ গ্র্যাজুয়েট

সাংগঠনিক সম্বন্ধ: রোজডেল জেটস ফুটবল অ্যাসোসিয়েশন – প্রেসিডেন্ট, রোজডেল সিভিক অ্যাসোসিয়েশন – বোর্ড সদস্য, স্প্রিংফিল্ড গার্ডেনস লায়নস ক্লাব, কনসার্নড সিটিজেন অব লরেলটন সিভিক অ্যাসোসিয়েশন – ভিপি (2001-2009), ওমেগা সাই ফাই ফ্র্যাটারনিটি, ইনকরপোরেটেড. এনএএসিপি, কুইন্স ন্যাশনাল অ্যাকশন নেটওয়ার্ক।

জনসংশ্লিষ্ট কাজের পূর্ববর্তী অভিজ্ঞতা: এনওয়াইসি ডিপার্টমেন্ট অব কারেকশন

আমার প্রচারাভিযানের সঙ্গে যোগাযোগ করুন: jacquesfor31@gmail.com
ওয়েব ঠিকানা: www.VoteJacques.com
ফেসবুক ঠিকানা: www.facebook.com/jacques.leandre
টুইটার ঠিকানা: @JacquesLeandre
ইন্সটাগ্রাম ঠিকানা: www.instagram.com/jacques_leandre

1. নির্বাচিত হলে কাউন্সিল ডিস্ট্রিক্ট 31-এর সবচেয়ে গুরুত্বপূর্ণ কোন্ সমস্যাটির সমাধানে আপনি উদ্যোগ গ্রহণ করবেন?

সর্বাগ্রে করণীয় হচ্ছে জামাইকা এবং রকঅ্যাওয়েজ এলাকায় বসবাসকারী আমাদের যুবা, প্রবীণ এবং অন্যান্য নাগরিকদের পরিষেবা প্রদানের জন্য বহুমুখী ব্যবহারের কমিউনিটি সেন্টার-এর চাহিদা পূরণ। ডিস্ট্রিক্ট-এর বাসিন্দাদের জন্য আমাদের নিরাপদ, পরিচ্ছন্ন স্থান প্রয়োজন, যেখানে তাঁরা স্কুল ছুটি পরবর্তী কর্মসূচি ও বিনোদনমূলক কর্মকাণ্ড এবং চাকুরির প্রশিক্ষণের জন্য যেতে পারবেন। এই কেন্দ্রগুলো আমাদের কমিউনিটির মধ্যমনি হিসেবে শিশুদের নির্বিঘ্নভাবে প্রতিভা বিকাশের জন্য নিরাপদ পরিবেশ প্রদান করবে এবং আমাদের প্রবীণ সমাজের জন্য অতি প্রয়োজনীয় পরিষেবাগুলো প্রদান করবে।

2. নির্বাচিত হলে গুরুত্বপূর্ণ আর কোন্ কোন্ সমস্যার সমাধানে আপনি উদ্যোগ গ্রহণ করবেন?

আমাদের ডিস্ট্রিক্টের একটি বড় উদ্বেগের বিষয় হচ্ছে আমাদের ছেলেমেয়েদের জন্য শিক্ষা ব্যবস্থার মানোন্নয়ন। এনওয়াইসি পাবলিক স্কুল ব্যবস্থায় অধ্যয়নরত দুই সন্তান যার রয়েছে তেমন একজন হিসেবে আমার ওপর আপনারা ভরসা করতে পারেন যে আমি শিক্ষার্থীদের সম্মুখীন হওয়া সমস্যাগুলো প্রতিকারে ব্যবস্থা গ্রহণ করবো। তাছাড়া, বেকারত্বের হার এবং অপরাধ বৃদ্ধি পাওয়ার প্রেক্ষাপটে অর্থনৈতিক উন্নয়ন এবং ক্ষমতায়ন এখন ডিস্ট্রিক্টের জন্য গুরুত্বপূর্ণ হয়ে দাড়িয়েছে।

3. এই দায়িত্বের জন্য কোন্ দিক বিবেচনায় আপনি সর্বোত্তম প্রার্থী?

আমার বৈচিত্র্যপূর্ণ জীবন বৃত্তান্তে উল্লেখ থাকা পেশাজীবী এবং নাগরিক সংগঠনসমূহে নেতৃত্বপূর্ণ ভূমিকাগুলোই হচ্ছে সেসব প্রধান প্রধান উপাদান যা আমাকে এই পদের জন্য সবচেয়ে যোগ্য করে তুলেছে। সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়টি হল, আমি এই ডিস্ট্রিক্টেরই একজন সন্তান! এখানে বড় হয়ে এবং এখানে ব্যবসা পরিচালনা করার ফলে আমি এর চাহিদা এবং চ্যালেঞ্জগুলো অনুধাবন করতে সক্ষম। আমাদের সমস্যাগুলো আমি জানি, এবং তার মধ্য দিয়েই আমি বাস করছি; পরিবর্তন সাধনের জন্য সংগ্রামে আমি সবসময়ই অগ্রগামী ছিলাম; সম্পূর্ণ নতুন ধারণাবিশিষ্ট এক বিশেষ ধরনের নেতৃত্বের প্রতিনিধিত্ব আমি করছি; এবং আমি নতুন ফলাফল বয়ে আনব।

*ক্যাম্পেইন ফিন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণকারী প্রার্থীর সরবরাহ করা তথ্য হুবহু পুনর্মুদ্রিত।*

## Donovan John Richards, Jr.

### কমিউনিটি ইউনিটি



যে পার্টিতে অন্তর্ভুক্ত: ডেমোক্র্যাটিক

বর্তমান পেশা: সিটি কাউন্সিলম্যান জেমস স্যান্ডার্স জুনিয়রের চীফ-অব-স্টাফ।

পূর্ববর্তী পেশা (সমূহ): কাউন্সিলম্যান জেমস স্যান্ডার্স জুনিয়রের অফিসে কাজ করেছেন

শিক্ষাগত যোগ্যতা: ভাউ কলেজ অব অ্যারোনটিক্স এএস এভিয়েশন ম্যানেজমেন্ট

সাংগঠনিক সম্বন্ধ: এনওয়াইসি প্রগ্রেসিভ ককাস অ্যালায়েন্স, ফার রকঅ্যাওয়ে এনএএসিপি, লরেলটন লায়নস ক্লাব, সেন্ট অলবান কংগ্রেগেশনাল চার্চ

জনসংশ্লিষ্ট কাজের পূর্ববর্তী অভিজ্ঞতা: কাউন্সিলম্যান জেমস স্যান্ডার্স জুনিয়রের অফিসে গত দশ বছর যাবত আমি সব ধরনের কাজ করেছি৷ আমার পূর্ববর্তী জনসংযোগমূলক অভিজ্ঞতার মধ্যে রয়েছে ডিস্ট্রিক্ট ম্যানেজার, কমিউনিটি লিয়েজোঁ থেকে অতি সম্প্রতি চীফ অব স্টাফ পর্যন্ত।

আমার প্রচারাভিযানের সঙ্গে যোগাযোগ করুন: donovanrichards2013@gmail.com
ওয়েব ঠিকানা: www.donovanrichards2013.com
ফেসবুক ঠিকানা: www.facebook.com/donovanrichards2013
টুইটার ঠিকানা: @drichards13

1. নির্বাচিত হলে কাউন্সিল ডিস্ট্রিক্ট 31-এর সবচেয়ে গুরুত্বপূর্ণ কোন্ সমস্যাটির সমাধানে আপনি উদ্যোগ গ্রহণ করবেন?

আমাদের শিশুদের শিক্ষা ব্যবস্থায় তহবিল যোগানো হবে সবচেয়ে গুরুত্বপূর্ণ ইস্যু যেখানে আমি এই সিটি কাউন্সিল ডিস্ট্রিক্টের প্রতিনিধি নির্বাচিত হলে মনোযোগ দেব। নেতৃত্বের দণ্ডটি আমাদের কাছ থেকে নিয়ে বহন করে এগিয়ে যাওয়ার উপযোগী করে আমাদের সন্তানদেরকে অবশ্যই আমাদের প্রস্তুত করে তুলতে হবে। বিগত 10 বছর যাবত আমি আমাদের এলাকার স্কুলগুলোর তহবিল বৃদ্ধিতে নিরলসভাবে কাজ করে এসেছি এবং স্কুল বন্ধ করে দেয়া প্রসঙ্গে মেয়রের সঙ্গে লড়াই করেছি। আমার ডিস্ট্রিক্টে এলিমেন্টারি এবং মিডল স্কুলগুলোর জন্য বার্ষিক প্রায় 20 লক্ষ ডলার সফলভাবে যোগাড় করতে আমি সক্ষম হয়েছি এবং নির্বাচিত একজন কাউন্সিল সদস্য হিসেবে এটি আমি অব্যাহত রাখবো।

2. নির্বাচিত হলে গুরুত্বপূর্ণ আর কোন্ কোন্ সমস্যার সমাধানে আপনি উদ্যোগ গ্রহণ করবেন?

আমি নির্বাচিত হলে আমার মনোযোগ দেয়ার মত অন্যান্য গুরুত্বপূর্ণ ইস্যু হবে জননিরাপত্তা এবং কর্ম সৃষ্টি। আমাদের সড়কগুলো আগ্নেয়াস্ত্র থেকে মুক্ত রাখার জন্য কাজ করা আমার জন্য হবে এমন কিছু যা আমি আগেও করেছি, কুইন্স ডিস্ট্রিক্ট অ্যাটর্নিকে রাজি করিয়ে কুইন্স-এর প্রথম আগ্নেয়াস্ত্র ফেরত-ক্রয় কর্মসূচির মাধ্যমে। স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থা এবং কমিউনিটির সহযোগিতায় আমরা আমাদের রাস্তাগুলো থেকে প্রায় এক হাজার আগ্নেয়াস্ত্র সফলভাবে সরাতে সক্ষম হয়েছি। স্থানীয়ভাবে কর্ম সৃষ্টি করার বিষয়টিতেও আমার প্রশাসন মনোযোগ নিবদ্ধ করবে। আমার নির্বাচনী এলাকার বাসিন্দাদের অনেকের অর্থনৈতিক দুরাবস্থা, গৃহহীনতা, এবং অনিশ্চয়তার এক সময়ে আমি তাদের জন্য স্থানীয় নিয়োগ এবং বসবাসের জন্য উপযুক্ত মজুরী প্রাপ্তি নিশ্চিত করার জন্য লড়াইয়ের গুরুত্ব অনুধাবন করি।

3. এই দায়িত্বের জন্য কোন্ দিক বিবেচনায় আপনি সর্বোত্তম প্রার্থী?

বিগত দশ বছর যাবত আমি কাউন্সিল সদস্য জেমস স্যান্ডারস জুনিয়রের অফিসে কাজ করেছি। স্যান্ডারস-এর চীফ অব স্টাফ হিসেবে আমি এই ডিস্ট্রিক্টের বাসিন্দাদের পক্ষে আমাদের বৈচিত্র্যপূর্ণ কমিউনিটির উন্নয়ন ও সুরক্ষার জন্য ব্যাপকভাবে কাজ করেছি। আমার কাজ কর্মের অনুমোদন দিয়েছে 50টিরও বেশি স্থানীয় সংগঠন, যাদের মধ্যে রয়েছে যাজক, ইউনিয়ন, ভাড়াটে এবং নাগরিক সংগঠনের নেতৃবৃন্দ। এই কমিউনিটি এবং সিটিকে সামনের দিকে এগিয়ে নেয়ার জন্য আমার যে পরিকল্পনা, তার সঙ্গে তারা একমত পোষণ করেন। বর্তমান কঠিন সময়ে আমাদের প্রয়োজন যুদ্ধে অবতীর্ণ হওয়া পরীক্ষিত নেতা, যারা প্রমাণ করেছেন যে কমিউনিটির জন্য তারা জয়ী হতে পারেন। ঠিক এ বছরই স্প্রিংফিল্ড গার্ডেনস হাই স্কুল থেকে চলে যাওয়া রাস্তাটির উপর একটি হট শীট মোটেল বানাতে চেয়েছিল এক গৃহ নির্মাণ প্রতিষ্ঠান, যা আমি সফলভাবে বন্ধ করে দিয়েছি। এছাড়াও আমি রকঅ্যাওয়েজ-এ হারিকেন স্যান্ডি আঘাত হানার পর আমাদের কমিউনিটিতে বন্যা প্রতিরোধে পরিবেশ সুরক্ষা মন্ত্রণালয়কে চাপ দিয়ে সাত কোটি ডলার বরাদ্দ করতে বাধ্য করতে সফল হয়েছি এবং ত্রাণ তৎপরতায় নেতৃত্ব দিয়েছি। স্প্রিংফিল্ড গার্ডেনস্, লরেলটন, রোজডেল এবং রকঅ্যাওয়েজ গঠন অব্যাহত রাখতে 10 বছর আগে যে কাজ আমি শুরু করেছিলাম তা অব্যাহত রাখার সুযোগ পেলে আমি সত্যিকার অর্থে সম্মানিত বোধ করবো।

*ক্যাম্পেইন ফিন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণকারী প্রার্থীর সরবরাহ করা তথ্য হুবহু পুনর্মুদ্রিত।*

# যেভাবে **ভোট** দেবেন



## আপনার ব্যালট সংগ্রহ করুন

★ আপনার নির্ধারিত ভোট কেন্দ্রে যান, সাইন-ইন করুন, এবং আপনার ব্যালট পত্রটি এবং ভোটার কার্ড নির্বাচন কর্মীর কাছ থেকে বুঝে নিন।

★ ব্যালটটি আপনি চিহ্নিত করার পর যেন তা দেখা না যায় সেজন্য ব্যালট ঢেকে রাখার জন্য আপনাকে একটি গোপনতা স্লীভ দেয়া হবে।


★ গোপন বুথে যান অথবা ব্যালট মার্কিং ডিভাইস (বিএমডি) চেয়ে নিন।



## আপনার ব্যালটের উভয় পাশ চিহ্নিত করুন

★ সরবরাহ করা কলমটি দিয়ে আপনার পছন্দের প্রার্থীর পাশে থাকা ডিম্বাকার ঘরটি সম্পূর্ণভাবে ভরে ফেলুন।


**সঠিক** **ভুল**




★ **অবশ্যই যা করবেন না** তা হলো “X” বা “✓”, অথবা বৃত্ত দিয়ে ডিম্বাকার ঘরটিকে চিহ্নিত করা, অথবা ব্যালটে এলোমেলো দাগ দেয়া।

★ রাইট-ইন প্রার্থীর ক্ষেত্রে যথাযথ ডিম্বাকার ঘরটি পূরণ করুন এবং প্রার্থীর নামটিও লিখুন।

★ **অবশ্যই যা করবেন না** তা হলো আপনার ব্যালট পেপার ভাঁজ করা।



## আপনার ব্যালট স্ক্যান করুন

★ আপনার ব্যালট এবং ভোটার কার্ড স্ক্যানের জায়গায় নিয়ে যান।

★ স্ক্রীনে সংশ্লিষ্ট বোতাম চেপে আপনার পছন্দের ভাষাটি বেছে নিন।

★ আপনার ভোট প্রদানের জন্য আপনার চিহ্নিত ব্যালটটি স্ক্যানারে প্রবেশ করান। স্ক্যানার যে কোন দিক প্রথমে প্রবেশ করা ব্যালট গ্রহণ করতে পারে এবং এর উভয় দিক পাঠ করতে পারে। আপনার ভোটটি গৃহীত হলে স্ক্যানার আপনাকে তা অবগত করবে।

## ব্যালট মার্কিং ডিভাইস (বিএমডি) ব্যবহার করা



**বিএমডি দুটি উপায়ে ভোটারদেরকে ব্যালটের নাগাল পেতে দেয়:**

1. ডিসপ্লে স্ক্রীনে ব্যালটটি দেখা।
2. অডিও হেডফোনের মাধ্যমে ব্যালটের পাঠ শোনা।

**বিএমডি চারটি উপায়ে ভোটারদেরকে ব্যালটটি চিহ্নিত করতে দেয়:**

1. টাচ স্ক্রীন
2. কী প্যাড (ব্রেইল)
3. সিপ অ্যান্ড পাফ ডিভাইস
4. রকার প্যাডল

**বিএমডি'র মাধ্যমে আপনার ব্যালট চিহ্নিত করতে এই ধাপগুলো অনুসরণ করুন:**

- ব্যালটটি আপনি কিভাবে পেতে চান এবং চিহ্নিত করতে চান তা নির্ধারণ করুন।
- ফীড ট্রে'তে আপনার ব্যালটটি প্রবেশ করান।
- আপনার পছন্দের ভাষা বেছে নিন।
- আপনার পছন্দের প্রার্থী বেছে নেয়ার এবং তা পুনর্বিবেচনার প্রক্রিয়ার মধ্য দিয়ে বিএমডি আপনাকে পরিচালিত করবে।
- কোন বাছাই পরিবর্তন করতে, যে প্রতিদ্বন্দ্বিতা বা ইস্যু বদলাতে চান তা বেছে নিন এবং উপযুক্ত পছন্দটি আবার বেছে নিন। সামারি স্ক্রীনে ফিরতে “NEXT” বেছে
- আপনার চিহ্নিত ব্যালটটি প্রিন্ট করতে বাছুন “Mark Ballot”
- আপনার প্রিন্ট করা ব্যালটটি এবং ভোটার কার্ড স্ক্যানার-এর কাছে নিয়ে যান।
- আপনার ব্যালটটি স্ক্যানারে প্রবেশ করাতে সাহায্য দরকার হলে নির্বাচন কর্মী আপনাকে সাহায্য করবেন।

## মনে রাখবেন...

- **প্রত্যেকটি পদের জন্য ভোট দিয়েছেন কি না তা নিশ্চিত হোন।** স্ক্যানার আপনাকে বলবে না যে আপনি এক বা একাধিক পদের জন্য ডিম্বাকার ঘর পূরণ করতে ব্যর্থ হয়েছেন। এই ঘটনাকে "আন্ডারভোটিং" বলা হয়। আপনার ব্যালটটি স্ক্যান করার আগে এটি সতর্কভাবে দেখুন। নিশ্চিত হোন যে আপনার কাঙ্খিত সব পদের প্রার্থীকেই আপনি ভোট দিয়েছেন। স্ক্যানার আপনার ব্যালট গ্রহণ করে ফেললে আপনি আর দ্বিতীয়বার ভোট দেয়ার সুযোগ পাবেন না।
- **ডিম্বাকার ঘরটি সম্পূর্ণভাবে পূরণ করুন;** "X" বা "✓" ব্যবহার করবেন না।
- **অন্যথা বলা না থাকলে শুধু একজন প্রার্থীকে ভোট দিন।** প্রত্যেক সারির প্রথম কলামে ব্যালটে বলা থাকবে আপনার কি কি বিকল্প রয়েছে। অধিকাংশ ক্ষেত্রে এতে বলা থাকবে "Vote for ONE", বা একজনকে ভোট দিন। তবে অনেক ক্ষেত্রে "Vote for any TWO" বা "Vote for any THREE" উল্লেখ করা থাকতে পারে। অনুগ্রহ করে সতর্কভাবে ব্যালটটি পড়ে দেখুন, যাতে আপনি ওভারভোটিং বা আন্ডারভোটিং না করেন।
- **আপনি রাইট-ইন প্রার্থীর জন্যও ভোট দিতে পারেন।** যদি আপনি এমন কোন প্রার্থীকে ভোট দিতে চান যার নাম ব্যালটে নেই, তাহলে আপনাকে অবশ্যই: (1) রাইট-ইন প্রার্থীর জন্য নির্ধারিত ডিম্বাকার ঘরটি সম্পূর্ণ ভরাট করতে হবে এবং (2) ঐ ঘরে প্রার্থীর নাম লিখতে বা স্ট্যাম্প করতে হবে।
- **অধিকাংশ ভোট কেন্দ্রে একাধিক স্ক্যানার রয়েছে।** আপনার ভোটার কার্ডটি নির্বাচন কর্মীর কাছে দিলে তিনি আপনাকে বলবেন কোন্ স্ক্যানার ব্যবহার করতে হবে।

## সমস্যা ও তার সমাধান

**আমি আমার ব্যালট চিহ্নিত করতে ভুল করে ফেলেছি।**

আপনার ব্যালটটি মুছবার বা পরিবর্তনের চেষ্টা করবেন না। নির্বাচন কর্মীর কাছ থেকে নতুন ব্যালট চেয়ে নিন। প্রত্যেক ভোটার সর্বোচ্চ তিনটি ব্যালট চাইতে পারেন।

**আমি "ওভারভোট" দিয়ে ফেলেছি (একটি পদের জন্য একাধিক ডিম্বাকার ঘর ভরাট করেছি)।**

যদি আপনি ওভারভোট দিয়ে ফেলেন, তাহলে সেই পদের জন্য আপনার ভোটটি গণনা করা হবে না। যদি ব্যালট স্ক্যানারে ঢুকানোর আগেই আপনি উপলব্ধি করেন যে আপনি ওভারভোট দিয়েছেন, তাহলে কোন পোল ওয়ার্কারের কাছ থেকে একটি নতুন ব্যালট চেয়ে নিয়ে পূরণ করুন। যদি ওভারভোটযুক্ত ব্যালট আপনি স্ক্যানারে প্রবেশ করান, তাহলে দুটি অপশন দিয়ে একটি এরর মেসেজ দেখাবে। যদি আপনি "Don't Cast – Return Ballot" লেখা অপশনটি বেছে নেন, তাহলে স্ক্যানার ব্যালটটি ফেরত দেবে, এবং আপনি পোল ওয়ার্কারের কাছ থেকে নতুন একটি ব্যালট নিয়ে পূরণ করতে পারেন। যদি আপনি "Cast Ballot" অপশনটি বেছে নেন, সেই পদের জন্য আপনার ভোটটি গণনা করা হবে না, তবে আপনার দেয়া অন্যান্য পদের ভোটগুলো গণনা করা হবে।

**লেখা অত্যন্ত ছোট; আমি পেপার ব্যালটটি পড়তে পারছি না।**

এ ব্যাপারে সুবিধার জন্য ম্যাগনিফায়িং শীট রয়েছে। তাছাড়া আপনি ব্যালট মার্কিং ডিভাইস (বিএমডি) ব্যবহারের জন্যও অনুরোধ জানাতে পারেন অথবা আপনার কোন বন্ধুকে সাহায্য করতে বলতে পারেন।

---

# নিউ ইয়র্ক সিটি ক্যাম্পেইন ফিন্যান্স বোর্ড

ক্যাম্পেইন ফিন্যান্স বোর্ড একটি নির্দলীয়, স্বতন্ত্র সিটি এজেন্সি যা নির্বাচনসমূহে নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের ভূমিকা বৃদ্ধি করে। সিএফবি'র মিশন হচ্ছে ভোটারদের অংশগ্রহণ এবং সচেতনতা বাড়ানো, জনগণকে প্রচারাভিযানের অর্থায়ন সংক্রান্ত তথ্য প্রদান করা, পদের দায়িত্ব পালনে আরো বেশি নাগরিকদের সক্ষম করে তোলা, ক্ষুদ্র চাঁদা দানকারীর ভূমিকা শক্তিশালী করা, এবং বাস্তব অথবা অনুভূত দুর্নীতির সম্ভাবনা হ্রাস করা।

সিএফবি কমিউনিটি আউটরিচ এবং **NYC Votes!** নামক ব্যানারের আওতায় সরকারী ও বেসরকারী সংগঠনের অংশীদারিত্বের মাধ্যমে ভোটার নিবন্ধন, ভোটদান, এবং নাগরিক অংশগ্রহণের বিকাশ ঘটায়। সম্ভাব্য ভোটারদের জন্য কর্মসূচি এবং অনুষ্ঠানমালা সম্পর্কিত তথ্যের জন্য ফোন করুন 212-306-7100 নম্বরে অথবা ভিজিট করুন **www.nyccfb.info/NYCvotes.**

সিএফবি ক্যাম্পেইন ফিন্যান্স অ্যাক্ট বলবৎ করে থাকে, যা স্থানীয় পদের প্রার্থীদেরকে দেয়া প্রচারাভিযান চাঁদাকে সীমিত ও নিয়ন্ত্রণ করে থাকে। প্রার্থীদেরকে প্রকাশ করতে হয় তাদের চাঁদার উৎস ঠিক কি, এবং কোন্ কাজে তা ব্যয় করা হচ্ছে। স্থানীয় নির্বাচনে স্বতন্ত্র ব্যয় সম্পর্কিত তথ্যও সিএফবি সংগ্রহ ও প্রকাশ করে। এসব তথ্য সিএফবি এর ওয়েবসাইট **www.nyccfb.info** এর মাধ্যমে প্রকাশ করে। প্রার্থীদেরকে অবশ্যই "Doing Business" নামক বিধিনিষেধ মেনে চলতে হবে, যার উদ্দেশ্য স্থানীয় সরকার ব্যবস্থায় অনুভূত আর্থিক প্রভাব হ্রাস করা। প্রার্থীদের স্বেচ্ছাভিত্তিক ক্যাম্পেইন ফিন্যান্স কর্মসূচিতে যোগ দেয়ার সুযোগ রয়েছে, যা আরোপিত ব্যয়সীমা কঠোরভাবে মেনে চলতে সম্মত হওয়া যোগ্য প্রার্থীদেরকে উপযুক্ত সরকারী তহবিল প্রদান করে। উপযুক্ত সরকারী তহবিল কর্মসূচি প্রার্থীদেরকে প্রচারাভিযানের জন্য ব্যাপক চাঁদা অথবা ব্যক্তিগত সম্পদের উপর নির্ভর না করেই প্রতিযোগিতামূলক প্রচারাভিযান চালাতে পর্যাপ্ত সরকারী সহায়তা প্রদান করে।

যদি আপনি সিটি অফিসের কোন পদে প্রতিদ্বন্দ্বিতা করতে আগ্রহী হন, অথবা জানতে আগ্রহী হন কিভাবে সিবিএফ নিউ ইয়র্কে এনওয়াইসি নির্বাচনগুলো আরো উন্মুক্ত এবং গণতান্ত্রিক করে তুলতে সাহায্য করে, তাহলে অনুগ্রহ করে **সিবিএফ-এর সঙ্গে যোগাযোগ করুন** ডাকযোগে, টেলিফোনে, অথবা ইমেইলে।


Joseph P. Parkes, S. J.
চেয়ারম্যান

Art Chang, Richard J. Davis, Courtney C. Hall, Mark S. Piazza
সদস্যবর্গ

Amy M. Loprest
নির্বাহী পরিচালক

Elizabeth Bauer
চীফ অব অ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিসেস

Daniel Cho
ডিরেক্টর অব ক্যান্ডিডেট সার্ভিসেস

Shauna Tarshis Denkensohn
ডিরেক্টর অব অপারেশনস অ্যান্ড বাজেট

Sue Ellen Dodell
জেনারেল কাউন্সেল

Eric Friedman
ডিরেক্টর অব এক্সটারনাল অ্যাফেয়ার্স

Peri Horowitz
ডিরেক্টর অব ক্যাম্পেইন ফিন্যান্স অ্যাডমিনিস্ট্রেশন

Onida Coward Mayers
ডিরেক্টর অব ভোটার অ্যাসিস্টেন্স

Kenneth O'Brien
ডিরেক্টর অব সিস্টেমস অ্যাডমিনিস্ট্রেশন

Julius Peele
ডিরেক্টর অব অডিটিং অ্যান্ড অ্যাকাউন্টিং

Jesse Schaffer
ডিরেক্টর অব স্পেশাল কমপ্লায়েন্স

Elizabeth A. Upp
ডিরেক্টর অব কমিউনিকেশনস

Peggy A. Willens
ডিরেক্টর অব ম্যানেজমেন্ট অ্যানালিসিস অ্যান্ড রেকর্ডস অ্যাডমিনিস্ট্রেশন



এই ভোটার নির্দেশিকাটি তৈরি করেছে ক্যাম্পেইন ফিন্যান্স বোর্ডের যোগাযোগ ইউনিট — Elizabeth A. Upp, Kristen Byers, Crystal Choy, Winnie Ng, এবং Todd Raphael — সহায়তায় Katharine Loving



নিউ ইয়র্ক সিটি 2013 বিশেষ নির্বাচন ভোটার নির্দেশিকা। কপিরাইট © 2013 নিউ ইয়র্ক সিটি ক্যাম্পেইন ফিন্যান্স বোর্ড। সর্বস্বত্ব সংরক্ষিত। মার্কিন যুক্তরাষ্ট্রে তৈরি।